



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
(বারটান)
প্রশাসন শাখা
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা
www.birtan.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.০৩.০০৩.১৯-৭২৭

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬

১৩ নভেম্বর ২০১৯

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক খাদ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনাসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১২.০০.০০০০.০২৪.১৬.০০২.১৮.৪০২, তাং- ১৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সদয় অবগতির নিমিত্ত নিম্নোক্তভাবে প্রেরণ করা হলো।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ	বারটান কর্তৃক গৃহীত পদক্ষেপ
“গবেষণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। কৃষি বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে”	দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর পুষ্টিস্তর উন্নয়ন তথা নিরাপদ ও প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণপূর্বক জনস্বাস্থ্য উন্নয়নের জন্য খাদ্যভিত্তিক পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর অন্যতম প্রধান কাজ। সে লক্ষ্যে প্রতিষ্ঠানটি মন্ত্রণালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের মাধ্যমে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম, সেমিনার ও কর্মশালা বাস্তবায়ন করে আসছে। বাস্তবায়িত উক্ত প্রশিক্ষণ কার্যক্রম বর্তমানের ন্যায় ভবিষ্যতেও অব্যাহত থাকবে। এছাড়া, পুষ্টি চাহিদা পূরণে ফলিত পুষ্টি বিষয়ে ১৫টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। উল্লেখ্য, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজারে বারটানের প্রধান কার্যালয়ে গবেষণাগার স্থাপনের কার্যক্রম চলমান আছে।


১৪-১১-২০১৯

বরনা বেগম

নির্বাহী পরিচালক

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়



১৪-১১-২০১৯

কাজী আবুল কালাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)